

পান বরজে ব্যবহৃত বাঁশের শলা, খুঁটি, কাইম ও ছনের ব্যবহারিক আয়ুষ্কাল বৃদ্ধি

আপনি জানেন কি, রাসায়নিক সংরক্ষণী প্রয়োগে পান বরজে ব্যবহৃত বাঁশের শলা বা কাঠি, খুঁটি, কাইম, ছন ও অন্যান্য উদ্ভিদজাত সামগ্রীর আয়ুষ্কাল ৪-৫ গুণ বৃদ্ধি করা যায়।



কিভাবে করবেন ?

তুঁতে (কপার সালফেট), সোডিয়াম ডাইক্রোমেট ও বোরিক এসিডের সংরক্ষণী দ্রবণ সংক্ষেপে সি সি বি দ্রবণে চুবিয়ে কাঠি, ছন ইত্যাদিতে সংরক্ষণী প্রয়োগ করা হয়। বাঁশের খুঁটি সংরক্ষণের জন্য খুঁটির ভিতরের রস অপসারণ বা স্যাপ ডিসপ্ল্যাসমেন্ট পদ্ধতি অনুসরণ করা হয়।

সংরক্ষণী প্রয়োগ করার পূর্বে করণীয়

- নির্দিষ্ট মাপের বাঁশের শলা তৈরি করে পরিষ্কার করে নিন।
- লক্ষ্য রাখবেন, শলার গায়ে যেন কাঁদা বা মাটি লেগে না থাকে।
- শলাগুলি ভালভাবে শুকিয়ে নিন।
- একইভাবে ৪' - ৫ ফুট মাপের বাঁশের খুঁটিও তৈরি করে শুকিয়ে নিন।



সংরক্ষণী প্রয়োগের জন্য প্রয়োজন

- রাসায়নিক সংমিশ্রণের দ্রবণ।
- রাসায়নিক দ্রবণে শলা, কাঠ এবং বাঁশ চুবানোর জন্য একটি ট্যাংক।
- শলা ও খুঁটির মাপের চেয়ে একটু (৩' - ৪') বড় আকারের একটি ট্যাংক তৈরি করুন। সাধারণতঃ এসব কাজ করতে ১০' X ২' X ২' আকারের ট্যাংক হলেই চলে।
- ট্যাংকটি পাকা হতে পারে অথবা তিন (প্লেইন শীট) বা কাটা ড্রাম (হাফ ড্রাম) দিয়ে তৈরি করতে পারেন। এছাড়া সাময়িকভাবে মাটিতে গর্ত করেও ট্যাংক তৈরি করা যেতে পারে।
- শুকানো বাঁশের শলা, কাইম বা ৪-৫ লম্বা বাঁশের খুঁটি ট্যাংকে শুইয়ে দিন।
- ট্যাংকে সংরক্ষণী দ্রবণ এমনভাবে ঢালুন যেন মিশ্রণের পরিমাণ সংরক্ষণী সামগ্রীর অন্তত তিন ইঞ্চি উপরে থাকে।



পাকা ট্যাংক

রাসায়নিক মিশ্রণ প্রস্তুত প্রণালী

মাটি, কাঁদা, বৃষ্টি ও উন্মুক্ত স্থানে ব্যবহৃত সামগ্রীর জন্য প্রয়োজনীয় সংরক্ষণী দ্রবণ প্রস্তুতের জন্য রাসায়নিক দ্রব্য সামগ্রীর নাম ও অনুপাত নিচে দেওয়া হল :

| রাসায়নিক দ্রব্যের নাম | অনুপাত |
|------------------------|--------|
| কপার সালফেট (তুঁতে) | ২ ভাগ |
| সোডিয়াম ডাইক্রোমেট | ২ ভাগ |
| বোরিক এসিড | ১ ভাগ |

বাঁশের শলা, কাইম, কাঠি এবং ৪ - ৫ লম্বা বাঁশের খুঁটি সংরক্ষণের জন্য প্রয়োজন ১০% ঘনত্বের দ্রবণ।

১০% ঘনত্বের ১০০ লিটার দ্রবণ তৈরি করতে লাগবেঃ

| | |
|---------------------|----------|
| কপার সালফেট (তুঁতে) | ৪ কেজি |
| সোডিয়াম ডাইক্রোমেট | ৪ কেজি |
| বোরিক এসিড | ২ কেজি |
| পানি | ৯০ লিটার |

বাঁশের খুঁটি সংরক্ষণ পদ্ধতি

৮-১০ ফুট লম্বা খুঁটি সহজেই রস অপসারণ বা স্যাপ ডিসপ্ল্যাসমেন্ট পদ্ধতিতে সংরক্ষণ করা যায়। এ জন্য দরকার শতকরা ২০ ভাগ ঘনত্বের সি সি বি দ্রবণ। ২০ ভাগ ঘনত্বের ১০০ লিটার সংরক্ষণী দ্রবণ প্রস্তুতের জন্য লাগবেঃ

| | |
|---------------------|----------|
| কপার সালফেট (তুঁতে) | ৮ কেজি |
| সোডিয়াম ডাইক্রোমেট | ৮ কেজি |
| বোরিক এসিড | ৪ কেজি |
| পানি | ৮০ লিটার |



খুঁটি সংরক্ষণের জন্য সদ্যকাটা বাঁশের কঞ্চিগুলি ছেটে ৮ - ১০ ফুট লম্বা বাঁশের টুকরা করুন। তারপর একটি ড্রামে সংরক্ষণী দ্রবণে খুঁটিগুলির এক প্রান্ত ডুবিয়ে দিন। ড্রামে সংরক্ষণীর গভীরতা কমপক্ষে দুই ফুট থাকতে হবে। সংরক্ষণ প্রক্রিয়া চলাকালীন সময়ে দ্রবণের উচ্চতা ২ ফুট রাখার জন্য প্রয়োজনে নতুন দ্রবণ ঢালতে হবে। এভাবে ৩-৪ দিন রাখুন। ৩-৪ দিন পর খুঁটিগুলোর অপর প্রান্ত একই দ্রবণে ডুবিয়ে আবার ৩-৪ দিন রাখুন। তারপর দ্রবণ থেকে উঠিয়ে ২-৩ দিন ছায়ায় শুকিয়ে নিন।

ছন, ধানের খড় সংরক্ষণ পদ্ধতি

ছন, ধানের খড়, পাট-খড়ি চুবানো পদ্ধতিতে সংরক্ষণ করা হয়। এ জন্য প্রয়োজন শতকরা আড়াই ভাগ (২.৫%) ঘনত্বের দ্রবণ। শতকরা আড়াই ভাগ ঘনত্বের ১০০ লিটার দ্রবণ প্রস্তুতের জন্য প্রয়োজন।

| | |
|---------------------|------------|
| কপার সালফেট (তুঁতে) | ১ কেজি |
| সোডিয়াম ডাইক্রোমেট | ১ কেজি |
| বোরিক এসিড | ৫০০ গ্রাম |
| পানি | ৯৭.৫ লিটার |

ছন, ধানের খড়, পাট-খড়ি ৬ ঘন্টা দ্রবণে চুবিয়ে নিন। তারপর দ্রবণ থেকে উঠিয়ে দ্রবণ ঝরানোর পর ২-৩ দিন ছায়ায় শুকিয়ে ব্যবহার করুন।

- সংরক্ষিত শলা ব্যবহারে প্রথম বছরে পান গাছের বায়বীয় মূল শলার গায়ে একটু কম ধরে, তাই প্রথম দিকে পানের লতা একটু বেঁধে দিতে হয় কিন্তু পরের বছরে আর কোন সমস্যা থাকে না।
- এ শলা ব্যবহারে পান গাছের বৃদ্ধি এবং পানের ফলনে কোন প্রভাব পড়ে না বা ক্ষতি হয় না।

মনে রাখবেন

- সংরক্ষণী প্রয়োগের পূর্বে বাঁশ, কাঠি ও অন্যান্য সামগ্রী ভালভাবে পরিষ্কার করে নিতে হবে।
- সংরক্ষণী প্রয়োগের পর সামগ্রীগুলি ছায়ায় ২-৩ দিন শুকিয়ে পরে ব্যবহার করতে হবে।

যেসব বিষয়ে সাবধানতা অবলম্বন করবেন

- সংরক্ষণী প্রয়োগের সময় হাতে রাবারের দাস্তানা ব্যবহার করুন।
- সংরক্ষণী দ্রবণ বিষাক্ত বিধায় গবাদি পশু ও শিশুদের নাগালের বাইরে রাখুন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তি উন্নয়ন ও পরিষ্কারকরণ প্রকল্প

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট

ঘোলশহর, চট্টগ্রাম।

পুনর্মুদ্রণ : জুন ২০০৯ খ্রি.

ফোন : ০৩১-৬৮১৫৭৭, ০৩১-৬৮১৫৬৮, ০৩১-২৫৮০৩৮৮

E-mail : bfri@spnetctg.com. Web site : www.bfri.gov.bd

